গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-৭০৪

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮ জুন ২০২৬

## অফিস আদেশ

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর রাজস্ব খাতভুক্ত **'সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর'** পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪তম গ্রেডে (১০,২০০-২৪,৬৮০/- টাকা স্কেলে) নিম্নবর্ণিত প্রার্থীকে শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | প্রার্থীর নাম, পিতা-মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | রোল নম্বর | নিজ জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | জনাব সোহেল মিয়া<br>পিতা: আলী উছমান<br>মাতা: জয়গুন নেছা | প্রযত্নে: আলী উছমান<br>গ্রাম: রামপুর<br>ডাকঘর: সেলিমগঞ্জ<br>উপজেলা/থানা: জামালগঞ্জ<br>জেলা: সুনামগঞ্জ-২৪৫০ | প্রযত্নে: আলী উছমান<br>গ্রাম: রামপুর<br>ডাকঘর: সেলিমগঞ্জ<br>উপজেলা/থানা: জামালগঞ্জ<br>জেলা: সুনামগঞ্জ-২৪৫০ | ১১০১৬৪৫ | সুনামগঞ্জ |

**নিয়োগের শর্তাবলিঃ**

ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
খ) চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) সেট (নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল কাগজপত্র) ফটোকপি দাখিল করতে হবে;
ঙ) চাকরিতে তাঁদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদ এবং ডোপটেস্ট রিপোর্ট সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপটেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
ছ) তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না মর্মে ৩০০/- (কথায়: তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মুচলেকা যোগদানপত্রের সাথে জমা দিতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
জ) এ নিয়োগপত্রের সাথে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে যোগদানের সময় দাখিল করতে হবে (সংযুক্ত নমুনা অনুযায়ী);
ঝ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
ট) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

CamScanner

০২।      উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১২ জুলাই, ২০২৬ তারিখে নিম্নস্বাক্ষরকারী বরাবর যোগদানপত্র (সংযুক্ত নমুনা অনুযায়ী) দাখিল করতে হবে।

২৮/৬/২৬

(ইশরাত জামান)
মহাপরিচালক
ফোন: ০২২২৬৬৮৩৬৩৮
ই-মেইল: dg@niport.gov.bd

স্মারক নং: ৫৯.১২.০০০০.০০১.১১.২২৩.২৫-৭০৪/১(১২)

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন, গবেষণা, প্রশিক্ষণ), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
২। সিভিল সার্জন-------------------------------------------------------------------------------------------------------।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক (প্রশাসন), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
৮। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জনাব---------------------------------------------------------------------------------------------------------।
১০। অফিস কপি।

২৮/০৬/২০২৬

(ফয়সাল হক)
উপপরিচালক (প্রশাসন) ও সিনিয়র সহকারী সচিব
ফোন: ০১৭১১-১৯৯৯৮৩
ই-মেইল: ddadmin@niport.gov.bd

CamScanner